



সংসদের প্রথম অধিবেশন মার্চের ১২ তারিখে হতে পারে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ১২ মার্চ বা তার কিছুদিন আগেই বসার কথা জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাউদ্দিন আহমেদ।

শনিবার (২১ ফেব্রুয়ারি) রাতে তিনি জানান, এই অধিবেশনে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন অনুষ্ঠিত হবে। এছাড়া, অন্তর্বর্তীকালীন সরকারের সময়ের অধ্যাদেশ উপস্থাপন করা হবে এবং শোক প্রস্তাব পেশ করা হবে।

এয়োদশ সংসদে সংসদ নেতা নির্বাচিত হয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান এবং বিরোধী দলীয় নেতা হয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

LENS ASIA